# লোকসাহিত্য-সংস্কৃতি

## ভিন্ন বর্ণে, ভিন্ন দৃষ্টিতে

সম্পাদনা
সুব্রত পাল
শুভাশিস ভট্টাচার্য

ISBN
978-93-81858-50-9

গ্রন্থস্বত্ব : লেখক

প্রথম প্রকাশ
আগস্ট ২০১৮

প্রকাশক
গুণেন শীল
পত্রলেখা
১০ বি কলেজ রো
কলকাতা ৯
যোগাযোগ ৯৮৩১১১০৯৬৩

প্রচ্ছদ
মৃণাল শীল

বর্ণসংস্থাপক
অ্যাডওয়েভ কমিউনিকেশন
কলকাতা-৩৬

মুদ্রক
ভারতী অফসেট
কলকাতা-১১৮

দাম
৩০০.০০

অধ্যাপক উৎপল মণ্ডল
শ্রদ্ধাস্পদেষু

# সূচি


লোককথার উৎস সন্ধান : একটি সরল প্রয়াস — ইন্দ্রমাধব দাস ১৫
হারিয়ে যাওয়া রূপকথাগুলি — বিপাশা চৌধুরী ২১
ডাক ও খনার বচন : বর্তমান প্রাসঙ্গিকতা — আশিস দেবনাথ ২৬
বাংলার লোকসংগীত : লোকজীবনের বিচিত্র আলেখ্য — সজল দাস ৩৬
বাংলার টুসু গান : প্রসঙ্গ ভাষা আন্দোলন — মানিক মৈত্র ৪৩
ভাওয়াইয়া গান : অর্থনৈতিক ভাবনার আলোকে — তুফান রায় ৫০
প্যারীমোহনের ভাওয়াইয়া গান : প্রসঙ্গ শিক্ষাভাবনা — সুব্রত পাল ৫৬
লোকসাহিত্যে নারী বঞ্চনার মুকুর — অন্বেষা দাস ৬২
বাংলার লোকসাহিত্যে মিথের ব্যবহার — ঈশ্বর চন্দ্র বর্মণ ৭২
রাজবংশী লোকসাহিত্য : বৈচিত্র্যের অন্বেষণে — দীপঙ্কর দাস ৮৪
আলিপুরদুয়ার জেলায় প্রচলিত প্রবাদ-প্রবচন : সমাজ বাস্তবতা — পতন দাস ৯৭
লোককথায় কোচবিহারের লৌকিক দেবতা ধুলিয়া — রবীন্দ্র কুমার বর্মন ১০৪
কুচবিহার অঞ্চলের বিয়ে ও বিয়ের গানে হিন্দু-মুসলিম সম্পর্ক — আমজাদ হুসাইন ১০৮
পুরুলিয়ার লৌকিক দেব-দেবী : স্বরূপ ও অবস্থান — নবীন দাস ১২০
বিশ্বায়ন বনাম লোকক্রীড়া : আধুনিকতার দাপটে লুপ্তপ্রায় লোকসংস্কৃতি — হৃদয় রঞ্জন সরকার ১২৮
আর্কিটাইপ্যাল ক্রিটিসিজম্ ও মনসামঙ্গল কাব্য — জয় দাস ১৩৫
উত্তরের লৌকিক মহাকাব্য 'গোপীচন্দ্রের গান'-এ রামায়ণের প্রভাব — সম্রাট দাস ১৪৩
প্রাচীন পূর্ববঙ্গ গীতিকা : প্রসঙ্গ লোকাচার — উত্তম কুমার মণ্ডল ১৪৭
লোকজীবন ও লোকমননের স্বরূপ বিচার : প্রেক্ষিত গোসানীমঙ্গল কাব্য — তাপস মণ্ডল ১৬১
প্রসঙ্গ লোকচিকিৎসা ও আধুনিক সাহিত্য — মোনাব মণ্ডল ১৭১
অন্নদাশঙ্কর রায়ের লোকসংস্কৃতি ভাবনা — উত্তম দাস ১৮২
মহাশ্বেতা দেবীর 'ব্যাধখণ্ড' : প্রসঙ্গ শবর লোককথা ও লোকনৃত্য — দীপঙ্কর সরকার ১৯০
ভগীরথ মিশ্রের 'আড়কাঠি' : লোকবিশ্বাস-লোকসংস্কার প্রসঙ্গ — কৃষ্ণ মোহন ভৌমিক ১৯৯
Mythologizing Folk Cultures : Reading Folk Literatures from a Mythic-Cultural Perspective – Subashish Bhattacharjee ২০৮

প্রাগৈতিহাসিক, যার ঐতিহ্যিক ধারা সংখ্যাহীন শিকড়ের মতো বিস্তৃত হয়ে আছে জনমানবের মধ্যে।

**গ্রন্থপঞ্জী**

১. ইসলাম, মযহারুল, ১৯৯৩, ফোকলোর : পরিচিতি ও পঠন-পাঠন, ঢাকা, বংলা একাডেমী

২. করণ, সুধীরকুমার, ১৯৯৯, লোককথার দিক্‌-দিগন্ত, পাটনা, বিহার-বাংলা আকাডেমী

৩. ঘোষ, ঈশানচন্দ্র, ১৩৮৪, জাতক (১-৫ খন্ড/অনুঃ), কলিকাতা, করুণা

৪. বিশ্বাস, হীরেন্দ্রলাল, ১৯৭৫, কথাসরিৎসাগর (১-৩/অনুঃ) : সোমনাথভট্ট, কলিকাতা, আকাডেমিক

৫. ভট্টাচার্য, আশুতোষ, ১৯৫৭, বাংলার লোকসাহিত্য, কলিকতা, ক্যালকাটা বুক হাউস

৬. সিদ্দিকী, আশরাফ, ১৯৬০, লোকসাহিত্য, ঢাকা, বাংলাদেশ

৭. সিংহ, কালীপ্রসন্ন (অনুঃ), ১৯৭৪-৭৫, কৃষ্ণদ্বৈপায়ণ বেদব্যাস বিরচিত মহাভারত (১ - ৬ খন্ড)



# হারিয়ে যাওয়া রূপকথাগুলি

বিপাশা চৌধুরী

লোকসাহিত্যে লোককথার বিভিন্ন প্রকরণের মধ্যে রূপকথা একটি দিক। এর মধ্যে মানুষের সামাজিক মানসিকতা এবং ব্যক্তিমনের বহু সুক্ষ্ম ও জটিল অনুভূতির প্রতিফলন ঘটে থাকে। মানুষের অবচেতন মনের বিচিত্র প্রত্যাশা এবং তার অপূর্ণতার বোধ থেকেই রূপকথার কাহিনী, পরিকাঠামো গড়ে ওঠে। রাজা-রানী-রাজপুত্র-রাক্ষস-দৈত্য-ডাইনী-যাদুমন্ত্র-অলৌকিকতা ইত্যাদির অন্তরালে লুকিয়ে রয়েছে সাধারণ মানুষের জীবনের প্রত্যাশা ও নৈরাশ্য, আকাঙ্ক্ষা ও তার চরিতার্থতা, আর আছে কল্পনা ও বাস্তবের উপাদান।

লোককথা অত্যন্ত প্রাচীন ও ঐতিহ্যপূর্ণ। লোককথা পুরুষানুক্রমিকভাবে প্রাপ্ত সম্পদ। লিখিত ও মৌখিক গদ্যের ভাষায় এটি প্রকাশ করা যায়। ইতিহাস ও পুরাণের নানা ঘটনা, অবিশ্বাস্য নানা বিষয় অবলম্বনে লোককথা রচিত হয়।

'Fairy Tales'-এর সমার্থক শব্দ হল রূপকথা। রূপকথার মধ্যে রাজা-রানী-রাজকন্যা, পরী এবং রাক্ষস এর কাহিনী থাকে। রূপকথার সৃষ্টি সম্ভবত রাজতন্ত্রের শৈশবকালে। রাজা-প্রজার মধ্যে সেরকম প্রভেদ সেই সময় লক্ষ্য করা যেত না। সমাজে শ্রেণিবিভেদ তখনও সেভাবে দেখা যায়নি। শ্রেণিচেতনা তেমনভাবে প্রকট না হলেও মালী পুত্রের সঙ্গে রাজকন্যার বিবাহ বা ঘুঁটে কুড়ানির রানী হওয়ার পথেও শত বাধা অতিক্রম করতে হত। বেশীরভাগ রূপকথার মূলেই ছিল ন্যায় ও অন্যায়ের মধ্যে দ্বন্দ্ব। জাদুবিদ্যা প্রয়োগের মধ্যে দিয়ে রূপকথাগুলি বিশ্বজনীনতা লাভ করত।

রূপকথার নায়ক বা নায়িকারা এক বা একাধিক দুরূহ কাজ সম্পন্ন করে সাফল্য লাভ করে। কখনো সে জাদুশক্তিসম্পন্ন কোন বস্তু বা ব্যক্তির সহায়তা লাভ করে, কখনো তার প্রতিপক্ষ অতিলৌকিক কোন ক্ষমতা দেখায়, যদিও পরিণামে সে পরাভূত হয়। রূপকথার একটি অলিখিত বিধান হল এই যে, যারা দুর্বলের ক্ষতিসাধন করে কাহিনীর পরিণতিতে তারা শাস্তি পাবেই; আর বঞ্চিত বা লাঞ্ছিতদের জোটে সফলতা। রূপকথায় থাকে দুটি প্রতিস্পর্ধী চরিত্র। একটি 'খল' চরিত্র এবং একটি 'সৎ' চরিত্র। এই দুইয়ের মধ্যে যারা সৎ চরিত্র তারাই সহানুভূতির ভাগীদার হয়ে থাকে। রূপকথার লেখকেরা মূলত গল্পের নায়িকা বা নায়কের সঙ্গে নিজেদেরকে একাত্ম করেই তোলেন।

আজকের এই বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যার যুগে মানুষ কল্পনা করতে ভুলে গেছে। মানুষের সঙ্গে মানুষের মধ্যে বেঁচে আছে শুধু কিছু কেজো সম্পর্ক। Fantasy-এর